



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩ জানুয়ারি ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে ইউপিডিএফ সংগঠক মিঠুন চাকমাকে গুলি করে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা আজ ৩ জানুয়ারি ২০১৮ বুধবার এক বিবৃতিতে খাগড়াছড়িতে সেনা-সৃষ্ট নব্য মুখোশ বাহিনী সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ সংগঠক মিঠুন চাকমাকে গুলি করে হত্যার ঘটনাকে ‘কাপুরুষোচিত, বর্বরোচিত ও ক্ষমার অযোগ্য অপরাধ’ বলে মন্তব্য করে এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

তিনি অবিলম্বে হত্যাকারীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে বলেছেন, ‘ইতিপূর্বে রাঙামাটিতে দুই ইউপিডিএফ কর্মী ও সমর্থককে খুনের পরও প্রশাসনের পক্ষ থেকে চিহ্নিত হত্যাকারীদের বিরুদ্ধে কোন ধরনের ব্যবস্থা গ্রহণ না করায় খুনীরা খোদ খাগড়াছড়ি শহরে খুন করার দুঃসাহস পাচ্ছে।’

ইউপিডিএফ নেতা বলেন মিঠুন চাকমাসহ সম্প্রতি নব্য মুখোশ বাহিনী সন্ত্রাসীদের হাতে নিহত ইউপিডিএফ সদস্য ও সমর্থকদের মৃত্যুর দায় সরকার এড়াতে পারে না।

তিনি মিঠুন চাকমাকে নির্যাতিত অধিকারহারা মানুষের পরম বন্ধু এবং পূর্ণস্বায়ত্তশাসনের লড়াইয়ে একজন নিবেদিত সৈনিক বলে উল্লেখ করেন এবং বলেন, দেশে বিগত জরুরী অবস্থার সময় পার্বত্য চট্টগ্রামে ভূমি বেদখল বিরোধী আন্দোলনে তার সাহসী ভূমিকা জুম্ম জনগণ শ্রদ্ধার সাথে স্মরণ করবেন।

মিঠুন চাকমা কেবল পার্বত্য চট্টগ্রামের পাহাড়ি জনগণের জন্য লড়াই করেননি, তিনি দেশের অপরাপর অঞ্চলের নিপীড়িত সংখ্যালঘু জাতিসহ শ্রমিক কৃষক মেহনতি মানুষের মুক্তির জন্যও কাজ করেছেন বলে মন্তব্য করেন।

উল্লেখ্য, আজ বুধবার (৩ জানুয়ারি ২০১৮) খাগড়াছড়িতে আদালতে হাজিরা শেষে শহরের অপর্ণা চৌধুরী পাড়াছ নিজ বাড়িতে গেলে আনুমানিক দুপুর সাড়ে ১২টার দিকে একদল সশস্ত্র সন্ত্রাসী তাকে অপহরণ করে সুইস গেইট এলাকায় নিয়ে যায়। সেখানে সন্ত্রাসীরা তাকে মাথায় ও পেটে গুলি করে ফেলে রেখে যায়। পরে লোকজন তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।